

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৬. সুন্নাহর অনুসরণ

بَابُ اتِّبَاعِ السُّنَّةِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ، أَنبَأَنَا تَوْرُ بِنُ يَزِيدَ، حَدَّتَنِي خَالِدُ بِنُ مَعْدَانَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بِنِ عَمْرٍو، عَنْ عِرْبَاضِ بِنِ سَارِيَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْفَجْرِ، ثُمَّ وَعَظَنَا مَوْعِظَةً بَلِيغَةً ذَرَفَتْ مِنْهَا الْعُيُونُ، وَوَجلَتْ مِنْهَا الْقُلُوبُ. فَقَالَ قَائِلٌ: يَا رَسُولَ اللَّهِ، كَأَنَّهَا مَوْعِظَةُ مُودِّعٍ؛ فَأَوْصِنَا. فَقَالَ: «أُوصِيكُمْ الْقُلُوبُ. فَقَالَ قَائِلٌ: يَا رَسُولَ اللَّهِ، كَأَنَّهَا مَوْعِظَةُ مُودِّعٍ؛ فَأَوْصِنَا. فَقَالَ: «أُوصِيكُمْ بِتَقْوَى اللَّهِ وَالسَّمْعِ وَالطَّاعَةِ وَإِنْ كَانَ عَبْدًا حَبَشِيًّا، فَإِنَّهُ مَنْ يَعِشْ مِنْكُمْ بِعُدِي، فَسَيَرَى الْمَهْدِيِينَ، عَضُوا عَلَيْهَا الْحُلُقَاءِ الرَّاشِدِينَ الْمَهْديِينَ، عَضُوا عَلَيْهَا الْخُلُقَاءِ الرَّاشِدِينَ الْمَهْديِينَ، عَضُوا عَلَيْهَا الْخُلُقَاءِ الرَّاشِدِينَ الْمَهْديِينَ، عَضُوا عَلَيْهَا بِالنَّوَاجِذِ، وَإِيَّاكُمْ وَالْمُحْدَثَاتِ، فَإِنَّ كُلَّ مُحْدَثَةٍ بِدْعَةٌ» وقالَ أَبُو عَاصِمٍ مَرَّةً: وَإِيَّاكُمْ وَالْمُحْدَثَات، فَإِنَّ كُلَّ مُحْدَثَةٍ بِدْعَةٌ» وقالَ أَبُو عَاصِمٍ مَرَّةً: وَإِيَّاكُمْ وَالْمُودِ فَإِنَّ كُلُّ بَدْعَةٍ ضَلَالَةٌ

إسناده صحيح

## বাংলা

৯৬. ইরবায ইবনু সারিয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে ফজরের সালাত আদায় করলেন। এরপর তিনি এমন এক উচ্চাঙ্গের ভাষণ দান করলেন যে, তাতে আমাদের চোখ থেকে অশ্রু প্রবাহিত হতে লাগল এবং আমাদের অন্তরসমূহ ভীত-প্রকম্পিত হল। তখন এক ব্যক্তি বলল: এ তো বিদায়ী নসীহত, ইয়া রাসূলুল্লাহ! আপনি আমাদের প্রতি অসীয়াত করুন (উপদেশ দিন)।

তিনি বললেন: আমি তোমাদের আল্লাহকে ভয় করার এবং শোনার ও আনুগত্য করার অসীয়াত করছি। যদি একজন হাবশী গোলামও তোমাদের আমীর নিযুক্ত হয় (তবুও তার কথা শুনবে ও তার আনুগত্য করবে)। আর তোমাদের মধ্যে যারা আমার পরে জীবিত থাকবে, তারা বহু মতবিরোধ প্রত্যক্ষ করবে। সুতরাং তোমাদের উপর কর্তব্য হল, আমার সুন্নাত ও হিদায়াতপ্রাপ্ত খুলাফায়ে রাশিদীনের সুন্নাতের উপর অবিচল থাকা, তা শক্তভাবে



মাড়ির দাঁত দিয়ে আঁকড়ে থাকা। আর আমি তোমাদেরকে নতুন প্রবর্তিত (বিষয়াবলী) থেকে সাবধান করছি। কেননা, প্রত্যেক নতুন বিষয়ই বিদ্আত।"

আবার আবু আসিম কখনো বর্ণনা করতেন: ''আর আমি তোমাদেরকে নতুন প্রবর্তিত বিষয়াবলী থেকে সাবধান করছি। কেননা, প্রত্যেক বিদআতই গোমরাহী।''[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। (তির্যিমী, হাকিম, যাহাবী, আলবানীও এ হাদীসকে সহীহ বলেছেন (আল ইহসান, তাক্রীব ইবনু হিব্বান, তাহকীক্ব:আরনাউত্ব, আলবানী, হা/৫)-অনুবাদক)।

তাখরীজ: আবু দাউদ (৪৬০৭); তিরমিয়ী (২৬৭৬); ইবনু মাজাহ (৪৩, ৪৪); হাকিম (১/৯৫); ইবনু হিবরান, হা/৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন